

🗏 আর-রুম | Ar-Rum | ٱلرُّوم

আয়াতঃ ৩০ : ৫৬

া আরবি মূল আয়াত:

وَ قَالَ الَّذِينَ أُوتُوا العِلمَ وَ الإِيمَانَ لَقَد لَبِتْتُم فِي كِتُبِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ البَعثِ فَهٰذَا يَومُ البَعثِ وَ لَكِنَّكُم كُنتُم لَا تَعلَمُونَ ﴿ ٥٤﴾

আর যাদেরকে জ্ঞান ও ঈমান দেয়া হয়েছে তারা বলবে, 'তোমরা আল্লাহর বিধান মত পুনরুখান দিবস পর্যন্ত অবস্থান করেছ। আর এটি পুনরুখান দিবস। কিন্তু তোমরা জানতে না।' — আল-বায়ান

আর যাদেরকে ঈমান ও জ্ঞান দেয়া হয়েছিল তারা বলবে- তোমরা আল্লাহর কিতাব মতে পুনরুখান দিবস পর্যন্ত অবস্থান করেছ। এটাই হল পুনরুখান দিবস কিন্তু তোমরা জানতে না। — তাইসিরুল

কিন্তু যাদেরকে জ্ঞান ও ঈমান দেয়া হয়েছে তারা বলবেঃ তোমরাতো আল্লাহর বিধানে পুনরুখান দিবস পর্যন্ত অবস্থান করেছ। এটাইতো পুনরুখান দিবস, কিন্তু তোমরা জানতেনা। — মুজিবুর রহমান

But those who were given knowledge and faith will say, "You remained the extent of Allah 's decree until the Day of Resurrection, and this is the Day of Resurrection, but you did not used to know." — Sahih International

৫৬. আর যাদেরকে জ্ঞান ও ঈমান দেয়া হয়েছে(১) তারা বলবে, অবশ্যই তোমরা আল্লাহর লিখা অনুযায়ী পুনরুত্থানের দিন পর্যন্ত অবস্থান করেছ। সুতরাং এটাই তো পুনরুত্থান দিন, কিন্তু তোমরা জানতে না।

(১) আল্লামা শানকীতী বলেন, এখানে যাদেরকে জ্ঞান ও ঈমান দেয়া হয়েছে বলে, ফেরেশতাগণ, রাসূলগণ, নবীগণ, সংবান্দাগণ সবই উদ্দেশ্য হতে পারে। [আদওয়াউল বায়ান]

তাফসীরে জাকারিয়া

- (৫৬) কিন্তু যাদেরকে জ্ঞান ও বিশ্বাস দেওয়া হয়েছে তারা বলবে,[1] 'তোমরা তো আল্লাহর বিধানে[2] পুনরুত্থান দিবস পর্যন্ত অবস্থান করেছ।[3] এটিই তো পুনরুত্থান দিবস; কিন্তু তোমরা জানতে না।' [4]
 - [1] যেমন তারা পৃথিবীতেও বুঝিয়েছিল।
 - [2] كتاب الله (আল্লাহর বিধান) বলতে আল্লাহর ইলম ও তাঁর ফায়সালা, অর্থাৎ 'লাওহে মাহফুয' উদ্দেশ্য।
 - [3] অর্থাৎ, জন্মদিন হতে কিয়ামতের দিন পর্যন্ত।





[4] তোমরা জানতে না যে, কিয়ামত আসবে বরং ঠাট্টা-বিদ্রূপ ও মিথ্যাজ্ঞান করে তা প্রতিষ্ঠিত হওয়ার দাবী করতে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3465

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন